

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date : 05.03.2025**

**Desk in Charge : SDG**

**Time : 7.50 PM**

**Compiling & NR: S. Basu**

**DEO : KB**

Opening Announcement :- আকাশবাণী, খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ চলতি বছরের প্রথম দু'মাসে দেশের বিভিন্ন সংস্থার তৈরী প্রায় ৩০০ ওষুধ কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলার গুণমান পরীক্ষায় উত্তীর্ণ হতে না পারায় উদ্বিগ্ন রোগী থেকে চিকিৎসক মহল।

২/ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে শিক্ষা মন্ত্রীর হেনস্থা এবং পরবর্তী ঘটনা নিয়ে রাজ্য সরকারের কাছে রিপোর্ট চেয়েছে কলকাতা হাইকোর্ট।

৩/ মালদার চামাগ্রাম উচ্চ বিদ্যালয়ে আজ উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরুর আগে তল্লাশির সময় কয়েকজন পরীক্ষক নিগৃহীত হওয়ার ঘটনায় উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ রিপোর্ট তলব করেছে।

৪/ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, এমাসে লন্ডন সফরে যাচ্ছেন। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে ভাষণ দেবেন তিনি।

৫/ আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে, কন্যাশ্রী প্রকল্পের সুবিধা দ্রুত ও নির্ভুলভাবে ছাত্রীদের কাছে পৌঁছে দিতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে রাজ্য সরকার।

৬/ AFC চ্যালেঞ্জ লীগের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বের ম্যাচে ইস্টবেঙ্গল আজ তুর্কমেনিস্তানের এফ সি আর্কাদাগ-এর মুখোমুখি হয়েছে।

\*\*\*\*\*

চলতি বছরের প্রথম দু মাসে দেশের বিভিন্ন সংস্থার তৈরি প্রায় তিনশ ওষুধ কেন্দ্রীয় ড্রাগ কন্ট্রোলার গুণমান পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেনি। এর মধ্যে এ রাজ্যের একাধিক সংস্থার ওষুধ রয়েছে। বাজার থেকে এইসব ওষুধের নমুনা নিয়ে পরীক্ষা চালায় কেন্দ্রীয় ওষুধ নিয়ন্ত্রক সংস্থা। পরীক্ষার পর সেগুলিকে 'নট ফর স্ট্যান্ডার্ড কোয়ালিটি ড্রাগস' ঘোষণা করা হয়েছে। অনুত্তীর্ণ ওষুধের তালিকায় নামী সংস্থার বহুল প্রচলিত ব্র্যান্ডের একাধিক ওষুধ রয়েছে বলে রিপোর্টে প্রকাশ করা হয়েছে। যে কারণে চিকিৎসক সমাজের পাশাপাশি সাধারণ মানুষের মধ্যেও উদ্বেগ ছড়িয়েছে।

( ভিসি- অভিরূপ )

\*\*\*\*\*

যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে হেনস্থার ঘটনায় পুলিশের গোয়েন্দা ব্যর্থতা ছিল বলে পর্যবেক্ষণ কলকাতা হাই কোর্টের। আজ এই সংক্রান্ত মামলার শুনানিতে যাদবপুরের ঘটনা নিয়ে রাজ্য সরকারের কাছে রিপোর্টও চেয়েছেন হাই কোর্টের বিচারপতি তীর্থঙ্কর ঘোষ।

গত শনিবার যাদবপুর বিশ্ববিদ্যালয়ে গোলমালের পর পুলিশের বিরুদ্ধে অভিযোগ করে হাই কোর্টের দ্বারস্থ হয়েছিল ছাত্র সংগঠনের একাংশ। আজ এই মামলার শুনানিতে বিচারপতি ঘোষ প্রশ্ন তোলেন, শিক্ষামন্ত্রীর কাছে কিভাবে এত ভিড় হল? এই ধরনের ঘটনা সম্পর্কে পুলিশের কাছে যদি আগাম খবর না থাকে তাহলে পরিস্থিতি খারাপ হতে পারে বলেও পর্যবেক্ষণ আদালতের। রাজ্য সরকারের পাশাপাশি মামলাকারীদেরও হলফনামা জমা দেওয়ার নির্দেশ দিয়েছে হাই কোর্ট। আগামী ১২ তারিখ মামলার পরবর্তী শুনানি হতে পারে।

এবিষয়ে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ বলেন- ( বাইট- কুণাল )

এদিকে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভাস্কর গুপ্ত হঠাৎই আজ অসুস্থ হয়ে পড়েছেন। উচ্চরক্তচাপ জনিত সমস্যার জন্য তাঁকে বাইপাসের ধারে একটি বেসরকারী হাসপাতালে ভর্তি করা হয়েছে। আজ তাঁকে ওই হাসপাতালে দেখতে যান রাজ্যের শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। তার শারীরিক অবস্থা স্থিতিশীল বলে জানা গেছে।

উপাচার্যের দ্রুত আরোগ্য কামনা করে SFI, তাঁর বদলে যাদবপুরের সহ উপাচার্য, রেজিস্ট্রারের মতো অন্য উচ্চপদস্থ কর্তৃপক্ষের সঙ্গে সদর্থক আলোচনা শুরু করার দাবী জানিয়েছে। তা' না হলে, আন্দোলন দ্বিগুণ শক্তিতে বাড়বে বলে বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কমিটির সভাপতি তমলীনা ঘোষ ও সম্পাদক শৌর্যদীপ্ত রায় এক বিবৃতিতে জানিয়েছেন।

অন্যদিকে, শিক্ষা প্রাপ্তগে শান্তি ফেরানোর দাবীতে অধ্যাপক সংগঠনের পক্ষ থেকে মিছিল বের করা হয়েছে। একইসঙ্গে ক্যাম্পাসের মধ্যেই ধর্নায় বসেছেন পড়ুয়ারা।

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যেভাবে শিক্ষা মন্ত্রীর গাড়ি চালিয়ে ছাত্রকে আহত করা হলো রাজ্যের শিক্ষা ব্যবস্থায় তা কলঙ্ক হয়ে থাকবে।

( বাইট- অধীর )

যাদবপুরের ঘটনার প্রতিবাদে সিপিআইএমের পক্ষ থেকে হাওড়া ময়দানে মানববন্ধন করা হয়। শিক্ষামন্ত্রীর পদত্যাগ ও তার বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ, কলেজ বিশ্ববিদ্যালয়গুলিতে নির্বাচন এর মতো দাবি তোলা হয়েছে।

\*\*\*\*\*

বিদ্যাসাগর বিশ্ব বিদ্যালয়ে তেসরা মার্চ গত সোমবার ছাত্র ধর্মঘটের দিন পিকেটিং চলাকালীন বাম ছাত্র সংগঠন AIDS-র চার মহিলা সংগঠককে নৃশংস অত্যাচারের অভিযোগ উঠেছে পুলিশের বিরুদ্ধে। আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে সংগঠনের রাজ্য সভাপতি মণিশঙ্কর পট্টনায়ক এই ঘটনায় মেদিনীপুর কোতোয়ালি মহিলা থানার ওসি সহ পুলিশ কর্মীদের উপযুক্ত শাস্তির দাবী জানান। বিষয়টি নিয়ে তাঁরা আইনী পরামর্শ নিচ্ছেন বলে জানান মণিশঙ্কর বাবু।

\*\*\*\*\*

যাদবপুরের অচলাবস্থা সামগ্রিকভাবে রাজ্য সরকারের চূড়ান্ত ব্যর্থতাকে প্রমাণিত করেছে বলে বিজেপি দাবি করেছে। দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য আজ কলকাতায় বলেন, বিভাজনের রাজনীতি, অতি বাম ও কিছু ভারত বিরোধী শক্তির সক্রিয়তার কারণে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে এই অচলাবস্থা তৈরি হয়েছে। যাদবপুর

বিশ্ববিদ্যালয়ে কিছু ছাত্র বছরের পর বছর যেসব কার্যকলাপ চালিয়ে যাচ্ছে তা অবিলম্বে বন্ধ করা এবং সেখানে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার জন্য শ্রী ভট্টাচার্য দাবি জানান।

\*\*\*\*\*

মালদার চামাগ্রাম উচ্চ বিদ্যালয়ে আজ উচ্চমাধ্যমিক পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থীদের তল্লাশির সময় কয়েকজন পরীক্ষক নিগৃহীত হওয়ার ঘটনায় উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ রিপোর্ট তলব করেছে। প্রাথমিক রিপোর্টের ওপর ভিত্তি করে এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে বলে, সংসদ সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য জানিয়েছেন।

( বাইট- চিরঞ্জীব ভট্টাচার্য)

উল্লেখ্য, আজ উচ্চমাধ্যমিকের ইংরেজী পরীক্ষা শুরুর আগে পরীক্ষার্থীদের মেটাল ডিটেক্টর দিয়ে তল্লাশি চালানোর সময় এই ঘটনা ঘটে। চামাগ্রাম উচ্চ বিদ্যালয়ে সিট পড়েছিল কান্দি টোলা হাই মাদ্রাসা, চর সুজাপুর হাইস্কুল এবং পারলানপুর হাইস্কুলের পড়ুয়াদের। পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি স্বাভাবিক হয়।

শিক্ষক-শিক্ষা কর্মীদের শারীরিক নিগ্রহের নিন্দা করেছে মাধ্যমিক শিক্ষক ও শিক্ষা কর্মী সমিতি। সরকার কোনো অবস্থাতেই এই পরিস্থিতির দায় এড়াতে পারে না বলেও সংগঠনের तरফে জানানো হয়েছে।

\*\*\*\*\*

বীরভূমের দেউচা-পাঁচামি কয়লাখনি পরিদর্শনে গিয়ে মানবাধিকার সংগঠন-APDR-এর কর্মীরা দুষ্কৃতিদের হেনস্থার শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। সংগঠনের পক্ষ থেকে বীরভূমের জেলাশাসকের কাছে এই মর্মে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। গতরাতে APDR-এর ৮ জনের একটি দল বীরভূমের সিউড়ি পৌঁছয়। আজ ভোরে গেস্ট হাউস থেকে বেরোনোর সময় প্রায় দেড়শো জন দুষ্কৃতি, তাঁদের আটকে দেয়। ফোন ছিনিয়ে নেওয়ার চেষ্টাও করা হয়। প্রায় ২ ঘণ্টা এভাবে আটকে থাকার পর APDR-এর সদস্য রাণু ঘোষ অসুস্থ হয়ে পড়ায় তাঁদের ছেড়ে দেওয়া হয়। বর্তমানে তিনি সিউড়ি হাসপাতালে চিকিৎসাধীন। এই ঘটনায় পুলিশি নিষ্ক্রিয়তারও অভিযোগ তুলেছেন তিনি।

এদিকে, দেউচা-পাঁচামিতে খননের কাজ বন্ধ করে আজ বিক্ষোভ দেখান সাগরবাঁধি গ্রামের আদিবাসী মহিলাদের একাংশ। তাঁরা নিজেদের ভিটেমাটি ছাড়বেন না বলে স্লোগান তোলেন।

\*\*\*\*\*

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, এমাসের ২১ তারিখ লন্ডন সফরে যাচ্ছেন।

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে বক্তব্য রাখা ছাড়াও শিল্প সম্মেলনে অংশ নেবেন তিনি। পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন নিগম- ফিকি এবং UK ইন্ডিয়া বিজনেস কাউন্সিলের সঙ্গে মিলিত উদ্যোগে এই সম্মেলনের আয়োজন করছে। এরাজ্য থেকে প্রথম সারির শিল্পপতিরাও সেখানে উপস্থিত থাকবেন। ২৫শে মার্চ সম্মেলনের পর ২৭ তারিখ অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্য রাখার কথা। ২৯ তারিখ মুখ্যমন্ত্রীর কলকাতায় ফিরবেন।

\*\*\*\*\*

তিস্তা ও গঙ্গার জলবন্টন চুক্তি নিয়ে ত্রিপাক্ষিক বৈঠক কলকাতায় আয়োজিত হবে। রাজ্য সরকারের তরফে জানা গেছে, বাংলাদেশে সরকার পরিবর্তনের পর এই প্রথম জলবন্টন চুক্তি নিয়ে বৈঠক হতে চলেছে। রাজ্যের সেচ সচিব মনীশ জৈন বৈঠকে যোগ দেবেন। কেন্দ্রীয় প্রতিনিধি দল ছাড়াও বাংলাদেশের ১১ জনের একটি প্রতিনিধি দল বৈঠকে অংশ নেবে।

\*\*\*\*\*

আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে, কন্যাশ্রী প্রকল্পের সুবিধা দ্রুত ও নির্ভুলভাবে ছাত্রীদের কাছে পৌঁছে দিতে রাজ্য সরকার, আধুনিক প্রযুক্তি ব্যবহারের সিদ্ধান্ত নিয়েছে। ওই প্রকল্পের আওতায় নতুন নাম অন্তর্ভুক্তি ও তথ্য যাচাইয়ের কাজে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করা হবে বলে নারী শিশু ও সমাজ কল্যাণ দফতর জানিয়েছে। কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার করে দ্রুত এবং নির্ভুলভাবে এই পরিষেবা প্রত্যেক ছাত্রীর কাছে পৌঁছে দেওয়া যাবে বলে আশা করা হচ্ছে। এতে সরকারি দফতরের কাজের সুবিধা হওয়ার পাশাপাশি কাজের ক্ষেত্রে স্বচ্ছতাও আসবে।

\*\*\*\*\*

আন্তর্জাতিক নারী দিবসের আগে নারীর ক্ষমতায়নের বিভিন্ন দিক নিয়ে একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করলো আকাশবাণী কলকাতা। 'শক্তিরূপেণ- অন্তর্নিহিতশক্তিমুক্তি' শীর্ষক এই অনুষ্ঠানে অংশ নেয়ে বিভিন্ন স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, এনজিও প্রতিনিধিরা, নাটক থিয়েটার গ্রুপের সদস্যরা।

এই উপলক্ষে আয়োজিত এক আলোচনা চক্রে নিজের অধিকার এবং মর্যাদা প্রতিষ্ঠা করতে নারীকেই সক্রিয় হতে হবে এবং নিজের আত্মমর্যাদা বোধকে জাগিয়ে তুলতে হবে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। অনুষ্ঠানে অংশ নিয়ে চিত্রপরিচালক ও অভিনেতা সুদেষ্ণা রায় বলেন, যে যেকাজেই যুক্ত থাকুন প্রতিটি ক্ষেত্রেই সমান মর্যাদা আছে ভেবে কাজ করলে হীনম্মন্যতায় ভুগতে হবে না।

( বাইট সুদেষ্ণা রায় )

অন্যদের সঙ্গে আলোচনায় অংশ নেন পদ্মশ্রী প্রীতিকণা গোস্বামী, অধ্যাপক সবুজকলি সেন ও নৃত্যশিল্পী অলকানন্দা রায়। আলোচনা শেষে প্রশ্নোত্তর প্রতিযোগিতায় অংশ নেন উপস্থিত সকলেই।

আকাশবাণী কলকাতার, ডেপুটি ডিরেক্টর (প্রোগ্রাম) ড. মৌসুমি চট্টোপাধ্যায় বলেন, "মহিলাদের ক্ষমতায়ন শুধু বাধা ভাঙার বিষয় নয়, এটি সুযোগ তৈরি, নিরাপত্তা নিশ্চিত করার বিষয়। আকাশবাণী কলকাতার প্রোগ্রাম এক্সিকিউটিভ, শুভায়ন বালা অতিথিদের স্বাগত জানান।

\*\*\*\*\*

ইস্টবেঙ্গল আজ AFC চ্যালেঞ্জ লিগের কোয়ার্টার ফাইনালের প্রথম পর্বের ম্যাচে তুর্কমেনিস্তানের এফ সি আর্কাদাগের মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত ইস্টবেঙ্গল এক-শূন্য গোলে পিছিয়ে।

\*\*\*\*\*